



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd

E-mail : dinajpureducationboard@gmail.com

স্মারক নং : মাউশিবোদি/পনি/পরীঃ/জেএসসি/২০১৭/২১৫৪(৩৫০০)

তারিখ : ০৭/০৯/২০১৭

বিষয় : ২০১৭ সালের জেএসসি এবং ২০১৮ সালের এসএসসি ও এইচএসসি পরীক্ষার পরীক্ষক নিবন্ধন Online এ হালনাগাদকরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৭ সালের জেএসসি এবং ২০১৮ সালের এসএসসি ও এইচএসসি পরীক্ষার পরীক্ষক ও প্রধান পরীক্ষক নির্বাচনের জন্য সংশ্লিষ্ট সকল পরীক্ষক, প্রধান পরীক্ষক এবং পরীক্ষক হতে আগ্রহী শিক্ষকদের তথ্য Online এ হালনাগাদ করা প্রয়োজন। এ লক্ষ্যে শিক্ষা বোর্ডের নিজস্ব Website : www.dinajpurboard.gov.bd Visit করতঃ DBTP (Dinajpur Board Teacher's Profile) Option ব্যবহার করে সংশ্লিষ্ট সকল পরীক্ষক/প্রধান পরীক্ষক এবং পরীক্ষক হতে আগ্রহী শিক্ষককে আগামী ২৪/০৯/২০১৭ তারিখ হতে ২৬/১০/২০১৭ তারিখের মধ্যে Online এ সঠিকভাবে তথ্য প্রদান পূর্বক নিবন্ধন হালনাগাদ করতে হবে। ইতোপূর্বে যারা DBTP-তে নিবন্ধন করেননি তাঁদেরকে নতুনভাবে Registration সম্পন্ন করতে হবে। গত বছর DBTP-তে নিবন্ধিত শিক্ষকগণ তাঁর প্রোফাইলে লগইন করে নিজ তথ্য দেখে নিবেন। প্রয়োজনে নিজ তথ্য হালনাগাদ করবেন। কোনভাবেই তাঁদের নতুন করে নিবন্ধন করার প্রয়োজন নাই।

Online এ তথ্য প্রদানের ক্ষেত্রে নিম্নে বর্ণিত নির্দেশনা অবশ্যই অনুসরণ করতে হবে :

- ০১। যারা গত বছর Online-এ DBTP-তে নিবন্ধন করেছিলেন (অর্থাৎ যারা পরীক্ষক/প্রধান পরীক্ষক নির্বাচিত হয়েছিলেন এবং যারা পরীক্ষক/প্রধান পরীক্ষক নির্বাচিত হননি) তাঁরা সকলেই নিজ নিজ Password ব্যবহার করে স্ব স্ব Profile-এ প্রবেশ করে নিবন্ধন হালনাগাদ করতে পারবেন। বিশেষ করে DBTP-তে দেয়া Online ব্যাংক হিসাব নম্বর, ব্যাংকের শাখার নাম, এবং ব্যাংকের রাউটিং নম্বর অবশ্যই হালনাগাদ করতে হবে। অন্যথায় Online-এ পারিশ্রমিক বিল পরিশোধ করা সম্ভব হবে না।
- ০২। যে সকল সম্মানীত শিক্ষক ইতোমধ্যে অবসরে গিয়েছেন এবং যারা আগামী ০১/১০/২০১৭ তারিখের পূর্বে অবসরে যাবেন তাঁদের পরীক্ষক/প্রধান পরীক্ষক হওয়ার জন্য DBTP-তে আবেদন করার প্রয়োজন নেই।
- ০৩। স্কুল এন্ড কলেজ-এর ক্ষেত্রে কলেজ পর্যায়ে পাঠদানকারী কোন শিক্ষক মাধ্যমিক পর্যায়ে পরীক্ষক/প্রধান পরীক্ষক হওয়ার জন্য আবেদন করতে পারবেন না। উক্ত ক্ষেত্রে ভারপ্রাপ্ত অধ্যক্ষগণ মাধ্যমিক পর্যায়ের আবেদনের ক্ষেত্রে প্রধান শিক্ষক হিসেবে এবং কলেজ পর্যায়ের আবেদনের ক্ষেত্রে অধ্যক্ষ হিসেবে Profile খুলবেন কিন্তু কলেজ পর্যায়ের উত্তরগ্রহণ করবেন না।
- ০৪। নতুন করে নিবন্ধনের ক্ষেত্রে আবেদনকারী যে পাসওয়ার্ড নিজে তৈরি করে ব্যবহার করবেন উক্ত পাসওয়ার্ড যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। কেননা পরবর্তীতে সবসময়ই উক্ত পাসওয়ার্ডটি প্রয়োজন হবে।
- ০৫। যে সকল শিক্ষক এখনও এমপিওভুক্ত হননি তাঁদের পরীক্ষক হওয়ার জন্য আবেদন করার প্রয়োজন নেই।
- ০৬। সংস্থা পরিচালিত (বিশেষায়িত) শিক্ষা প্রতিষ্ঠানের যে সকল শিক্ষক সংস্থার নিকট থেকেই বেতন-ভাতাদি গ্রহণ করেন সে সকল প্রতিষ্ঠানের মাধ্যমিক পর্যায়ে পাঠদানকারী শিক্ষকগণ নিবন্ধন হালনাগাদকরণ কিংবা নতুন করে নিবন্ধন সম্পন্ন করতে পারবেন।
- ০৭। Online এ তথ্য প্রদান করতে কিংবা Registration করতে সমস্যা হলে Email করুন dboardhelp@gmail.com-এই ঠিকানায়।

সম্মানিত সকল শিক্ষক

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন

সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান।

অনুলিপি : অবগতি ও কার্যার্থে বিতরণ-

- ০১। সচিব, অত্র শিক্ষা বোর্ড।
- ০২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
- ০৩। Website কপি।
- ০৪। নোটিশ বোর্ড।

মোঃ তোফাজ্জুর রহমান

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

ফোন : ০৫৩১-৫১৮৮১ (অফিস)